আজকের কাগজ

তারিখ 13 OCT 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

140

# গফরগাঁয়ে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ব্যাহত হচ্ছে

শিক্ষক স্বল্পতা, আসবাবপত্রের অভাব, জরাজীর্ণ বিদ্যালয় গৃহ, খাবার পানি ও পয়ঃপ্রণালীর অব্যবস্থা, শিক্ষক ও কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলার কারণে গফরগাঁও থানায় প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।

জানা গেছে, থানায় সর্বমোট সরকারি প্রাথমিক বিদ্যালয় সংখ্যা ১শ' ৬১টি। এসব বিদ্যালয়ের ৬শ' ৯২টি শিক্ষক পদের মধ্যে ৫৫টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। শূন্য পদে প্রধান শিক্ষকের পদ সংখ্যা ২৭ এবং বাকি ২৮টি হচ্ছে সহকারী শিক্ষক পদ। থানার প্রায় প্রতিটি বিদ্যালয়ে প্রয়োজনীয় আসবাবপত্রের তীব্র সংকট রয়েছে। ফলে ছাত্র-ছাত্রীদের দাঁড়িয়ে কিংবা মেঝেতে বসে ক্লাস করতে হয়। এদিকে প্রায় বিদ্যালয়ের অবস্থা জরাজীর্ণ। তার মধ্যে উথুরী সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পুলিয়াদী সঃ প্রাঃ বিদ্যালয়ের নাম উল্লেখ করা যেতে পারে। এছাড়া প্রায় বিদ্যালয়ে আরো একটি প্রধান সমস্যা হলো খাবার পানির তীব্র সংকট ও পয়ঃপ্রণালীর অব্যবস্থা। খাবার পানি ও পয়ঃপ্রণালীর কোনো ব্যবস্থা না থাকায় বিদ্যালয়ে আগত ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের পানি পানের ও প্রকৃতির ডাকে সাড়া দিতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

এদিকে শিক্ষকদের দায়িত্ব কাজে অবহেলার অভিযোগ রয়েছে। ৪৩নং ধোপাঘাট উত্তর পাড়া সঃ প্রাঃ বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ ৩ জন শিক্ষক রয়েছে। প্রধান শিক্ষক সপ্তাহে ১ দিন বিদ্যালয়ে এসে পুরো সপ্তাহের হাজিরা দিয়ে ফেলেন। অন্য দু'জন নিয়মিত ও সঠিক সময়ে বিদ্যালয়ে আসেন না বলে স্থানীয় জনগণ জানিয়েছেন। এছাড়া কর্তৃপক্ষ দায়িত্ব পালনে অবহেলা করছেন বলে অভিযোগে জানা গেছে। থানার ১৫টি ইউনিয়নকে ৯টি ক্লাস্টারে বিভক্ত করা হয়েছে। ৯টি ক্লাস্টারে পরিদর্শক রয়েছেন মাত্র ৭ জন। পরিদর্শকরা ঠিকমতো তাদের দায়িত্ব পালন করছেন না বলে জানা গেছে।

গফরগাঁও থেকে শফিউর রহমান সেলিম।